

২০১৮

বাংলা - সাম্মানিক

তৃতীয় পত্র

পূর্ণমান - ১০০

প্রাতিলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক  
উভয় যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

(উভয়ের শব্দসংখ্যা নতুন পাঠক্রম অনুসারে মান্য করতে হবে।)

- ১। (ক) রাজনৈতিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করো। যে-কোনো একটি বাংলা রাজনৈতিক উপন্যাস অবলম্বনে বিষয়টি  
ব্যাখ্যা করো। ২+৪+৮

অথবা,

- (খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭+৭  
 (অ) মনস্তাত্ত্বিক উপন্যাস  
 (আ) চেতনাপ্রবাহরীতির উপন্যাস  
 (ই) রোমাঞ্চ  
 (ঈ) ছোটগল্প

- ২। (ক) ‘চন্দ্রশেখর’ উপন্যাসে ‘উপক্রমণিকা’ অংশটির প্রয়োজন ছিল কী? মূল উপন্যাসের সম্পূর্ণতা ও রসসৃষ্টিতে অংশটির গুরুত্ব  
বিশ্লেষণ করো। ১৪

অথবা,

- (খ) ‘প্রতাপ’ অথবা ‘চন্দ্রশেখর’ — কাকে তুমি ‘চন্দ্রশেখর’ উপন্যাসের নায়ক হিসেবে নির্বাচন করবে এবং কেন করবে, তা যুক্তি  
সহকারে আলোচনা করো।

- ৩। (ক) “পৃথিবীতে যত পাপিষ্ঠা আছে, তোমার মত পাপিষ্ঠা কেহ নাই।” — কে, কাকে এই কথা বলেছে? তাকে পাপিষ্ঠা বলার  
কারণ বুঝিয়ে দাও। ২+২

অথবা,

- (খ) “এই পত্রকে সুন্দর করিয়া বিধাতা দলনী ও শৈবলিনীর অদৃষ্ট একত্র গাঁথিলেন।” — প্রসঙ্গ বিবৃত করে উদ্ধৃত অংশটির তাৎপর্য  
বুঝিয়ে দাও। ২+২

- ৪। (ক) ‘শ্রীকান্ত’ (১ম পর্ব) উপন্যাসের শ্রেণিবিচার করো। ১৪

অথবা,

- (খ) ‘শ্রীকান্ত’ (১ম পর্ব) উপন্যাসে অনন্দাদিদি চরিত্রের অভিনবত্ব বিশ্লেষণ করো।

৫। (ক) “মড়ার কি জাত থাকে রে?” — কে, কাকে, কোন প্রসঙ্গে এই উত্তি করেছে বুবিয়ে দাও। ১+১+২

অথবা,

(খ) “কোন মিথ্যাবাদী প্রচার করিয়াছে— আলোরই রূপ, আঁধারের রূপ নাই?” — তৎপর্য বিশ্লেষণ করো। ৪

৬। (ক) “শেষের কবিতা” উপন্যাসটিকে কাব্যধর্মী উপন্যাস বলা যায় কিনা, তা বিচার করো। ১৫

অথবা,

(খ) “শেষের কবিতা” উপন্যাসে লাবণ্য চরিত্রের পরিচয় দাও। ১৫

৭। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২

(ক) “তার মুখ-ধোবার টেবিলের উপকরণ দশাননে পক্ষে ও বাহ্য হত।” — কার কথা বলা হয়েছে? প্রসঙ্গ বিবৃত করো। ১+৪

(খ) “এনামেল করা মুখের উপর দিয় দৱ্ দৱ্ করে চোখের জল গড়িয়ে পড়তে লাগল।” — কার কথা বলা হয়েছে? চোখের জল গড়িয়ে পড়ার কারণ বুবিয়ে লেখো। ১+৪

(গ) “একটি ছোটো চিঠি এল লাবণ্যের হাতে।” — চিঠিটি কে, কী কারণে লিখেছিলেন? ১+৪

(ঘ) “একে ঠিক সাজ বলব না, এ হচ্ছে ওর একরকমের উচ্চহাসি।” — কার প্রসঙ্গে একথা বলা হয়েছে? কোনটা ‘সাজ’ নয়, আর উচ্চহাসি বা কেন, তা বুবিয়ে লেখো। ১+৪

৮। (ক) আঞ্চলিক উপন্যাস হিসেবে “হাঁসুলী বাঁকের উপকথা” উপন্যাসের সার্থকতা বিচার করো। ১৫

অথবা,

(খ) ‘নসুবালা’ চরিত্রটি ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসের একটি অন্যতম শ্রেষ্ঠ চরিত্র। — যুক্তি-সহ আলোচনা করো।

৯। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো : ৫×২

(ক) “ক্ষমা নাই - ঘেমা নাই, দিগন্বরীর মত হাঁক পেড়ে, শত মুখে কলকল খলখল শব্দ তুলে দিগ্বিদিক জ্ঞানশূন্য হয়ে ছোটে।” — কার কথা বলা হয়েছে? প্রসঙ্গ বিবৃত করো। ১+৪

(খ) “তিনি নাকি ছিলেন লক্ষ্মীমন্ত পুরুষ, আর তেমনিই নাকি ছিলেন জবরদস্ত জাঁহাবাজ বেটাছেলে, তার দাপটে নাকি বাঘে বলদে এক ঘাটে জল খেত।” — কার সম্পর্কে একথা বলা হয়েছে? বক্তব্যাটির তৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

(গ) “তারপর হঠাত আক্ষেপভরা, আক্রেশভরা কঠে সে বলে উঠল, ‘তুই গাঁয়ের সর্বনাশ করবি রে— তুই সব অনর্থের মূল।’” — কে, কার প্রতি এই উত্তি করেছে? উত্তিটির কারণ এবং ফলশ্রুতি বিবৃত করো। ২+৩

(ঘ) “তা হ’লে আলোই বল আর অন্ধকারই বল, সে কোপ কি এড়ানো যায়।” — কে, কার প্রতি এই উত্তি করেছে? কিসের কোপের কথা বলা হয়েছে? ২+৩